

2018

BENGALI

(Major)

Paper : 4.2

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। নির্দেশ অনুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) “আমি _____ শিঙ্গার মহা-হুঙ্কার,”
(শূন্যস্থান পূর্ণ করো)

(খ) নজরুল ইসলামের ‘আজ সৃষ্টি-সুখের উল্লাসে’ কবিতাটি
কোন কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত ?

(গ) “অনেক দধীচি হাড় দিল ভাই,
দানব দৈত্য তবু মরে নাই,”
‘দধীচি’ কে ?

(ঘ) “ধরনী এগিয়ে আসে, দেয় উপহার।
ও যেন কনিষ্ঠা মেয়ে দুলালী আমার!—”
কোন কবিতার অংশ ?

(ঙ) “... স্বরাজ আনিতে পোড়া বার্তাকু এনেছি
খাস!”

‘বার্তাকু’ শব্দের অর্থ কী ?

- (চ) “জাঁদেরেল প্রোফেসরের মাথায় নামলো
_____ ক্ষমার আকাশে প্রথম করুণার আশীর্বাদ।”
(শূন্যস্থান পূর্ণ করো)
- (ছ) ‘নিরালা’ কবিতাটি কার রচনা ?
- (জ) “একটি কথার দ্বিধাথরথর চূড়ে
ভর করেছিলো সাতটি অমরাবতী;”
‘অমরাবতী’ শব্দের অর্থ কী ?
- (ঝ) ‘যেখানে রূপালী’ কবিতায় কবি কার কাছে তাঁর সম্মান
করতে বলেছেন ?
- (ঞ) “ ‘আট বছর আগের একদিন’ কবিতায় মৃত মানুষটির
মৃত্যুর সময়কাল হিসেবে বিশেষ একটি মাসের উল্লেখ
আছে।” মাসটি কী ?

২। নির্দেশ অনুযায়ী সংক্ষিপ্ত উত্তর দাও : $২ \times ৫ = ১০$

- (ক) ‘বিদ্রোহী’ কবিতায় উল্লিখিত ‘বোররাক্’ এবং
‘উচ্চৈঃশ্রবা’ কারা ?
- (খ) ‘আজ সৃষ্টি-সুখের উল্লাসে’ কবিতায় কবির ডাইনে এবং
বামে কি কি আছে ?
- (গ) “যে জীবন _____, _____ মানুষের সাথে তার হয়
নাকো দেখা।”
(শূন্যস্থান পূর্ণ করো)
- (ঘ) রবীন্দ্র-কবিতার যে দুটি পংক্তি ‘টপ্পা-ঠুংরী’ কবিতায়
সরাসরি ব্যবহৃত হয়েছে তা লেখো।
- (ঙ) ‘রূপান্তর’ কবিতায় কবি তাঁর দিন এবং রাত্রিকে কীভাবে
পেয়েছেন বলে উল্লেখ করেছেন ?

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$

- (ক) সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :
“এবার বন্দী বুঝেছে, মধুর প্রাণের চাইতে ত্রাণ!
মুক্ত-কণ্ঠে স্বাধীন বিশ্বে উঠিতেছে একতান—”
- (খ) ‘সর্বহারা’ কবিতায় কবি সর্বহারাদের যে সামান্য চাহিদার
কথা উল্লেখ করেছেন তা নিজের ভাষায় ব্যক্ত করো।
- (গ) “অমর কাব্য তোমরা লিখিও, বন্ধু যাহারা আছ সুখে!”
বিদ্রোহী কবি নজরুলের যে-অভিমান এখানে ব্যক্ত
হয়েছে তার কারণ কী ?

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ২ = ১০$

- (ক) ‘কাক ডাকে’ কবিতায় কাকের ডাক কবির মনে কোন্
ভাবান্তরের সৃষ্টি করেছিল তা আলোচনা করো।
- (খ) ব্যাখ্যা করো :
“সবার মাঝে একলা ফিরি আমি
—লেকের কোলে মরণ যেন ভালো।”
- (গ) “ ‘যেখানে রূপালী’ কবিতায় একটি রূপকথার জগতের
দৃশ্য আমরা দেখতে পাই।” কবিতাটির অনুসরণে তা
বর্ণনা করো।

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$

- (ক) “বিদ্রোহ, প্রতিবাদ, জীবনসংগ্রাম, আশা, নৈরাশ্য—এই
সবকিছু মিলে নজরুল ইসলামের বিদ্রোহ আবেগের
গভীর উচ্ছ্বাসে পরিণত হয়েছে।” ‘আমার কৈফিয়ৎ’
কবিতাটি অবলম্বনে উক্তিটির যথার্থ্য প্রতিপন্ন করো।

- (খ) 'ফরিয়াদ' কবিতাটির নামকরণের সার্থকতা বিচার করো।
- (গ) 'রাজ-ভিখারী' কবিতাটির অন্তর্নিহিত তাৎপর্য ব্যাখ্যা করো।
- (ঘ) 'বিদ্রোহী' কবিতায় কবি যে পৌরাণিক অনুষ্ঙ্গসমূহ প্রয়োগ করেছেন, সেগুলি উল্লেখ করে এই কবিতায় এদের প্রয়োগের সার্থকতা কতখানি আলোচনা করো।

৬। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) 'আধুনিক বাংলা কবিতা' গ্রন্থের সংকলক বুদ্ধদেব বসু আধুনিক কবিদের সম্পর্কে বলেছেন যে, "এই কবির নতুন সুর এনেছেন আমাদের কাব্যে", এবং "এঁরা প্রত্যেকেই স্বতন্ত্র, এবং স্বতন্ত্রভাবে নতুন।" তোমার পঠিত কবিতাগুলি অবলম্বনে একথার যথার্থতা প্রতিপন্ন করো।
- (খ) " 'আট বছর আগের একদিন' কবিতায় কবি একটি আত্মহত্যার সংবাদে মাধ্যমে আধুনিক মানুষের জীবনের ক্লাস্তি-হতাশা, যন্ত্রণার এক ট্রাজিক অনুভূতিকে তুলে ধরেছেন।" কবিতাটি অবলম্বনে আলোচনা করো।
- (গ) 'শাস্ত্রী' কবিতাটির নামকরণের সার্থকতা বিচার করো।
- (ঘ) 'রূপান্তর' কবিতাটির মর্মার্থ উদ্ঘাটন করো।

★ ★ ★